


১৯৭১

FEB. 06 2007

ভানের কাগজ



জাতিকে মানসম্পন্ন শিক্ষার ওপর জোর দিতে হবে

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি বদরুন্নেজা চৌধুরী বলেছেন, গতিশীল বিশ্বের সঙ্গে তাল মেলাতে এবং নতুন শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলা করতে হলে জাতিকে অবশ্যই মানসম্পন্ন শিক্ষার ওপর গুরুত্বারোপ করতে হবে। তিনি বলেন, আমাদের আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষা, প্রকৃত পেশাদার এবং মানবিক বোধসম্পন্ন নাগরিক প্রয়োজন।

রাষ্ট্রপতি গতকাল উচ্চশিক্ষা এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের ভূমিকা শীর্ষক এক সেমিনার উদ্বোধনকালে এ কথা বলেন।

নর্থ সাউথ ইউনিভার্সিটি, অ্যামেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ (এআইইউবি), ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি অফ বাংলাদেশ এবং অ্যামেরিকান চেম্বার অফ কমার্স ইন বাংলাদেশ যৌথভাবে এ সেমিনারের আয়োজন করে।

সেমিনারে শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক, বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মেরি অ্যান পিটার্স, এআইইউবি-এর উপাচার্য কারমেন জেড ল্যামাগনা, আইইউবি-এর উপাচার্য বজলুল এম চৌধুরী প্রমুখ উদ্বোধনী অধিবেশনে বক্তব্য রাখেন।